

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ১৫

আরবি মূল আয়াত:

هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ الْأَرْضَ ذُلُولًا فَامْشُوا فِي مَنَاكِبِهَا وَكُلُوا مِن رِّزْقِهِ ۚ وَإِلَيْهِ النُّشُورُ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

তিনিই তো তোমাদের জন্য যমীনকে সুগম করে দিয়েছেন, কাজেই তোমরা এর পথে-প্রান্তরে বিচরণ কর এবং তাঁর রিয়ক থেকে তোমরা আহার কর। আর তাঁর নিকটই পুনরুত্থান। — আল-বায়ান

তিনি তোমাদের জন্য যমীনকে (তোমাদের ইচ্ছার) অধীন করে দিয়েছেন, কাজেই তোমরা তার বুকুর উপর দিয়ে চলাচল কর, আর আল্লাহর দেয়া রিয়ক হতে আহার কর, পুনরায় জীবিত হয়ে তাঁর কাছেই যেতে হবে। — তাইসিরুল

তিনিইতো তোমাদের জন্য ভূমিকে সুগম করে দিয়েছেন; অতএব তোমরা দিক-দিগন্তে বিচরণ কর এবং তাঁর প্রদত্ত জীবনোপকরণ হতে আহাৰ্য গ্রহণ কর; পুনরুত্থানতো তাঁরই নিকট। — মুজিবুর রহমান

It is He who made the earth tame for you - so walk among its slopes and eat of His provision - and to Him is the resurrection. — Sahih International

১৫. তিনিই তো তোমাদের জন্য যমীনকে সুগম করে দিয়েছেন; অতএব তোমরা এর দিক-দিগন্তে বিচরণ কর এবং তাঁর দেয়া রিয়ক থেকে তোমরা আহার কর; আর পুনরুত্থান তো তাঁরই কাছে।

তাফসীরে জাকারিয়া

(১৫) তিনিই তো তোমাদের জন্য ভূমিকে সুগম করে দিয়েছেন;[1] অতএব তোমরা ওর দিক-দিগন্তে বিচরণ কর[2] এবং তাঁর দেওয়া রুযী হতে আহাৰ্য গ্রহণ কর। [3] আর পুনরুত্থান তো তাঁরই নিকট।

[1] ذُلُولٌ শব্দের অর্থ হল, এমন অনুগত, যে সামনে অবনত হয়ে যায় এবং কোন প্রকার অবাধ্যতা করে না। অর্থাৎ, যমীনকে তোমাদের জন্য নরম ও মোলায়েম করে দেওয়া হয়েছে। তাকে এমন শক্ত বানানো হয়নি যে, তাতে তোমাদের বসবাস ও চলা-ফেরা কষ্টকর হতে পারে।

[2] مَنَاكِبُ শব্দটি مِنْكَ এর বহুবচন। এর অর্থ, দিক। এখানে এর অর্থ হল, যমীনের রাস্তা ও তার দিক-দিগন্ত।

এখানে আদেশ 'মুবাহ' তথা বৈধ অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ, তার রাস্তায় বিচরণ কর।

[3] যমীনের উৎপন্ন ফসলাদি আহার কর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5256>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন